

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/সি-১৩/২০১১/৪৮৫

তারিখঃ ৩১ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ
১৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল কার্যালয়ে স্থায়ী/অস্থায়ী রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল কার্যালয়ের স্মারক নং-শেবাচিমহা/বরি/৩য় ও ৪র্থ শ্রেণি নিয়োগ/২০১৮/১১০৪, তারিখঃ ০৩/০৩/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণ এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল কার্যালয়ে স্থায়ী/অস্থায়ী রাজস্বখাতে ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৭টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হইবে ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইবে।

(ক) স্থায়ী রাজস্বখাতঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত শূন্য পদ (সংরক্ষিত পদসহ)	ছাড়কৃত পদের সংখ্যা	ছাড়পত্র না দেয়ার কারণ
শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল	১	লিলেন কিপার	০১	০১	-----
	২	টেলিফোন অপারেটর	০১	০১	-----
	৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২	০২	-----
	৪	ড্রাইভার	০১	০১	-----
	৫	মেকানিক	০০	০০	পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য
			মোট ০৫টি	মোট ০৫টি	


(খ) অস্থায়ী রাজস্বখাতভুক্ত (নবসৃষ্ট) :

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত শূন্য পদ (সংরক্ষিত পদসহ)	ছাড়কৃত পদের সংখ্যা	মন্তব্য
শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল	১	মেডিকেল টেকনোলজিস্ট (ডেটাল)	০৯	০৮	নবসৃজিত পদ এবং ০১টি পদ সংরক্ষিত
	২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	০১	নবসৃজিত পদ
	৩	ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার	০১	০১	নবসৃজিত পদ
	৪	স্টোর কিপার	০১	০১	নবসৃজিত পদ
	৫	সহকারী হিসাব রক্ষক	০১	০১	নবসৃজিত পদ
			মোট ১৩টি	মোট ১২টি	

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা পাশনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদ হলে হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (৬) বর্তমানে ছাড়কৃত ১৭ টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়পত্র গ্রহণ করা হলে/নিয়োগ কার্যক্রম চলমান থাকলে/পদের বিরুদ্ধে মামলা থাকলে সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;

- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃষ্টির আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃষ্টির আদেশে পদ থাকলে ২০১৮ সালে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৮) ২০১৮ সালে প্রণীত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- (৯) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।



(শাহিনা খাতুন)

উপসচিব(প্রশাসন)

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

পরিচালক

শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল
বরিশাল।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা [আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।